'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2022

## CC11-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'চার অধ্যায়' উপন্যাসটি কবে, কোথায় বসে লেখা হয়েছিল ? এই উপন্যাসের নায়িকার বাবা ও কাকার নাম লেখো।

(খ) 'বাবাকে ব্রতী 'বস' বলত আড়ালে' – ব্রতী কে ? ব্রতীর এই ভাবনার কারণ কী ?

(গ) 'মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে' — উল্লিখিত লাইনটি কোন্ উপন্যাসের সূচনায় দেখা যায় ? উপন্যাসটির লেখক কে ? প্রকৃতপক্ষে এই পঙ্‌ক্তিটির রচয়িতা কে ?

(ঘ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কে প্রথম ইংরেজি ভাষায় অনুবাদ করেন ? এই ইংরেজি অনুবাদটির নাম কী ? কোথা থেকে, কবে তা প্রকাশিত হয় ?

(ঙ) ব্রতীদের লেখা স্লোগান ও দেওয়াল লিখনগুলি উল্লেখ করো।

(চ) হোসেন মিয়া কত বছর বয়সে বাড়ি ছেড়ে পালিয়েছিল ? অর্ধজীবন সে কোথায় ঘুরে কাটিয়েছে ? ময়নাদ্বীপ সম্পর্কে তার স্বপ্ন কী ছিল ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) মানিক বন্দ্যোপাধ্যায় তাঁর 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে জেলেপাড়ার যে বৃত্তান্ত দিয়েছেন তার বিবরণ দাও।

(খ) 'চার অধ্যায়' সম্পর্কে রবীন্দ্রনাথের 'কৈফিয়ৎ'ও সম্পূর্ণ গ্রহণযোগ্য নয় — এ প্রসঙ্গে তোমার মতামত দাও।

(গ) 'সন্তান স্নেহের হিসেবে জেলেপাড়ার জননীদের মধ্যে মালার মৌলিকতা আছে' — আলোচ্য উক্তির প্রেক্ষাপটে মালা চরিত্রের মৌলিকতা আলোচনা করো।

(ঘ) 'নীলাক্ষী' চরিত্রের বিবর্তন আলোচনা করো।

(ঙ) 'হাজার চুরাশির মা' উপন্যাসটিতে নকশাল আন্দোলনের যে পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে লেখো।

(চ) পুরাণের নারদ ও 'শাম্ব' উপন্যাসের নারদ চরিত্রটির তুলনামূলক সংক্ষিপ্ত পরিচয় দাও।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) জীবনের আলো-ছায়ায় শাম্ব চরিত্রের যে উত্তরণ ঘটেছে তার পরিচয় দাও।

(খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের চরিত্রগুলির জীবনকে পদ্মানদী কতটা নিয়ন্ত্রণ করেছে সে সম্পর্কে আলোচনা করো।

(গ) 'অতীন্দ্রনাথ রবীন্দ্র সাহিত্য তো বটেই সমগ্র বাংলা সাহিত্যেরও এক সত্যভ্রষ্ট হতভাগ্য নায়ক' — আলোচনা করো।

(ঘ) ঔপন্যাসিক মহাশ্বেতা দেবী সমকালীন সমাজের যে তীব্র সমালোচনা করেছেন সমসাময়িক রাজনৈতিক প্রেক্ষাপটে তা তাঁর 'হাজার চুরাশির মা' উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2022

## CC12-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'ঝগড়া করিয়া ছোটোবউ বড়োবউয়ের মাথায় এক দায়ের কোপ বসাইয়া দিয়াছে।' - কে, কাকে একথা বলেছে ? 'ছোটোবউ' ও 'বড়োবউ'-এর পরিচয় দাও।

(খ) 'রসময়ীর রসিকতা' গল্পটি প্রথম কবে এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ? গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(গ) 'স্টোভ' গল্পে মল্লিকা কোন্ পেশার সঙ্গে যুক্ত ছিল ? সেই প্রতিষ্ঠানটির নাম কী ছিল ? শশীভূষণের সঙ্গে তার বিয়ে হয়নি কেন ?

(ঘ) 'পুঁইমাচা' গল্পে পৌষ সংক্রান্তিতে অন্নপূর্ণা মেয়েদের জন্য কোন্ পিঠে বানিয়েছিল ? ক্ষেন্তি সেই পিঠে কয়টা খেয়েছিল ? ক্ষেন্তির দুই বোনের নাম কি ছিল ?

(ঙ) 'ইজ্জত' কথার অর্থ কী ? আশাপূর্ণা দেবীর 'ইজ্জত' গল্পে কার কার ইজ্জত হানি হয়েছে বলে তুমি মনে করো, তা লেখো।

(চ) 'আদাব' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? এই গল্পে বর্ণিত প্রধান চরিত্র দু'টির পেশা কী ছিল ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'সবুজপত্র' পর্বের গল্প হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'বোষ্টমী' গল্পটির মূল্যায়ন করো।

(খ) 'দেবী' গল্পে প্রভাতকুমার মুখোপাধ্যায় সমকালীন অন্ধবিশ্বাস এবং তাকে কুঠারাঘাত করার যে চিত্র তুলে ধরেছেন তার পরিচয় দাও।

(গ) 'সাগর সংগমে' গল্পের দাক্ষায়ণী চরিত্রটি চিত্রিত করো।

(ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'মৌরিফুল' গল্পে প্রকৃতি-প্রীতির স্বরূপ বিশ্লেষণ করো।

(ঙ) 'ছোটলোক' গল্পের গঠনশৈলী বিচার করো।

(চ) দেবেশ রায়ের 'কলকাতা ও গোপাল' গল্পের প্রেক্ষপট উল্লেখ করে, সমকালীন প্রেক্ষিতে বিশ্লেষণ করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) ছোটগল্প হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'শাস্তি' গল্পের সার্থকতা বিচার করো।

(খ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা' গল্পের হাস্যরসের স্বরূপ বিশ্লেষণ করো।

(গ) নরেন্দ্রনাথ মিত্রের 'এক পো দুধ' গল্পে সামান্য একটু দুধ কীভাবে একটি পরিবারের কাছে ভালোবাসার দুধসাগরে পরিণত হয়েছে, তার পরিচয় দাও।

(ঘ) সুবোধ ঘোষের 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

——×——

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2022

## DSE-P1-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### উনিশ ও বিশ শতকের প্রবন্ধ

#### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) পটুয়ার সংজ্ঞা দাও। পটুয়া শিল্প সম্বন্ধে প্রাবন্ধিক যামিনী রায় লোকশিল্পের কোন্ আঙ্গিককে তুলে ধরার চেষ্টা করেছেন?

(খ) 'শিক্ষার মিলন' প্রবন্ধটি কতসালে প্রকাশিত হয়? শিক্ষার মিলন বলতে রবীন্দ্রনাথ কী বুঝিয়েছেন পাঁচটি বাক্যে লেখো।

(গ) 'জাতি' ও 'সংস্কৃতি' শব্দ দু'টি প্রাবন্ধিক সুনীতিকুমার চট্টোপাধ্যায় কী অর্থে ব্যবহার করেছেন?

(ঘ) 'কৃষ্ণ ও তাঁহার শিক্ষা' প্রবন্ধে প্রাবন্ধিক কোন্ লোকশিক্ষার দিকে দৃষ্টিপাত করেছেন তা কয়েকটি বাক্যে লেখো।

(ঙ) 'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র লোকশিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে যা বলেছেন তা কয়েকটি বাক্যে লেখো।

(চ) কবিগুরু গ্যেটের সম্পর্কে প্রাবন্ধিক অন্নদাশঙ্কর রায় তাঁর যুগগত মূল্যমান সম্পর্কে কী কী গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছেন তা কয়েকটি বাক্যে লেখো।

#### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে দুই মহান কবির তুল্যমূল্য বিচার প্রাবন্ধিক যেভাবে করেছেন তার পরিচয় দাও।

(খ) 'মেঘদূত' প্রবন্ধে রামগিরি থেকে হিমালয় পর্যন্ত যে যাত্রাপথের বর্ণনা দেওয়া হয়েছে তার পরিচয় দাও।

(গ) 'রায়তের কথা' প্রবন্ধের রায়ত কারা? তাদের পরিচয়ের সংক্ষিপ্ত বিবরণ দাও।

(ঘ) 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধের রসগ্রাহী আলোচনা করো।

(ঙ) পল্লী শিল্পের ধ্বংসের কারণ সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্য কতটা যথাযথ বলে তুমি মনে করো?

(চ) 'রামায়ণ' সম্পর্কে প্রাবন্ধিক বুদ্ধদেব বসুর অভিজ্ঞান কতটা রসসম্মত হয়েছে তা বিচার করো।

#### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২= ২৪

(ক) 'রাজসিংহ' প্রবন্ধে প্রাবন্ধিক রবীন্দ্রনাথের চিন্তাভাবনায় যে নতুন বিশেষত্ব ধরা পড়েছে তার স্বরূপ বর্ণনা করো।

(খ) 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে উত্তরসাধকদের সংকট ও মুক্তির যে রূপরেখা প্রাবন্ধিক অঙ্কন করেছেন তার পরিচয় দাও।

(গ) 'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধে বিজ্ঞান ও সাহিত্যের যে অঙ্গাঙ্গী সম্পর্কের কথা প্রাবন্ধিক উল্লেখ করেছেন তার পরিচয় দাও।

(ঘ) সংস্কৃতির সামাজিক দূরত্ব পেরিয়ে সংস্কৃতির যে মিশ্রণ সংঘটিত হয়েছে তার স্বরূপ বর্ণনা করো।

## DSE-1B

### বাংলা উপন্যাসঃ উদ্ভব ও ক্রমবিকাশ

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) উনিশ ও বিশ শতকের দুইটি উপন্যাসের নাম লেখো যেখানে সামাজিক আন্দোলনের পরিচয় আছে ; এবং সেই সামাজিক আন্দোলনের নাম লেখো।

(খ) কৃষ্ণকান্ত কোথাকার জমিদার ছিলেন ? তিনি কতবার উইল পরিবর্তন করেছিলেন ? তার শ্রাদ্ধে মোট কত টাকা খরচ হয়েছিল ?

(গ) ষোড়শী ভৈরবীর দায়িত্ব ত্যাগ করার সময় কী কী জিনিস ফিরিয়ে দিয়েছিল ?

(ঘ) 'কাহাকে' উপন্যাসটির প্রকাশকাল কত ? এই উপন্যাসের দু'টি মহিলা ও দু'টি পুরুষ চরিত্রের নাম লেখো।

(ঙ) টুকীর স্বামীর নাম কী ছিল ? বিয়ের সময় তাদের বয়স কত ছিল ?

(চ) রবীন্দ্রনাথ ঠাকুরের প্রকাশকালসহ দু'টি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো। এগুলিতে কোন্ রাজনৈতিক আন্দোলনের প্রভাব আছে ?

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বিশ শতকের প্রথমার্ধের কয়েকটি প্রতিনিধিস্থানীয় উপন্যাসে উল্লিখিত কয়েকটি রাজনৈতিক আন্দোলনের পরিচয় দাও।

(খ) নকশাল আন্দোলনের পরিপ্রেক্ষিতে রচিত কয়েকটি বাংলা উপন্যাসের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে বারুণী পুষ্করিণীর গুরুত্ব আলোচনা করো।

(ঘ) উপকাহিনি হিসেবে হৈম-নির্মল কাহিনির গুরুত্ব আলোচনা করো।

(ঙ) 'কাহাকে' উপন্যাসটির মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'লঘু-গুরু' উপন্যাসটির উত্তম চরিত্রটির পরিচয় দাও।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা উপন্যাসে কল্লোল সাহিত্য আন্দোলনের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(খ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে প্রকৃত অর্থে নায়িকা বলে তুমি কাকে মনে করো — তোমার উত্তরের সপক্ষে যুক্তি প্রদান করো।

(গ) 'দেনা-পাওনা' উপন্যাসে বর্ণিত তৎকালীন সমাজব্যবস্থার সানুপুঙ্খ বিবরণ দাও।

(ঘ) 'লঘু-গুরু' উপন্যাসটির নামকরণের সার্থকতা বিচার করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2022

## DSE-P2-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-2A and DSE-2B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-2A

### বাংলা ছোটগল্পঃ উদ্ভব ও ক্রমবিকাশ

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) উনিশ শতকের অর্থনৈতিক দুরবস্থার উল্লেখ রয়েছে এমন ছ'টি ছোটগল্পের নাম করো।

(খ) প্রথম বিশ্বযুদ্ধ পূর্ববর্তীকালে নারীর প্রথার বিরুদ্ধাচরণের নিদর্শন হিসাবে রবীন্দ্রনাথ ঠাকুরের তিনটি গল্পের নাম এবং সেই গল্পের মূল প্রতিবাদী নারী চরিত্রের নাম উল্লেখ করো।

(গ) 'পয়লা নম্বর' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? গল্পটি রবীন্দ্রনাথ ঠাকুর কার অনুরোধে রচনা করেন ?

(ঘ) পরশুরামের গল্পগ্রন্থের সংখ্যা কত ? তাঁর 'তৃতীয় দ্যূতসভা' গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ? গল্পটি কত সালে প্রকাশিত হয় ?

(ঙ) 'দেবতার ব্যাধি' গল্পটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয় ? এই গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম লেখো।

(চ) 'সাড়ে সাত সের চাল' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত ? সেই প্রেক্ষাপট সংক্ষেপে উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) অতিপ্রাকৃত গল্প হিসেবে 'নিশিথে' গল্পের সার্থকতা আলোচনা করো।

(খ) 'স্বামী' গল্পে সদু'র আত্মকথার মধ্য দিয়ে হিন্দু নারীর যে সনাতন রীতি ফুটে উঠেছে, তা আলোচনা করো।

(গ) 'বেদেনী' রাধা ও কেষ্টো বেদের সম্পর্কের উত্থান বিষয়ে আলোচনা করো।

(ঘ) 'টিচার' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় আমাদের দেশের যে পালাবদলের চিত্র অঙ্কন করেছেন তা উল্লেখ করো।

(ঙ) পরশুরামের 'ভরতের ঝুমঝুমি' গল্পে পৌরাণিক প্রসঙ্গের পরিচয় দাও।

(চ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'মামলার ফল' গল্পের মূল বক্তব্য বিষয় উপস্থাপন করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বিশ শতকের প্রথমার্ধে বাংলা ছোটগল্পের গতি-প্রকৃতি সম্পর্কে আলোচনা করো।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'দুরাশা' গল্পটি কিভাবে রোমান্সকে অতিক্রম করে শেষ পর্যন্ত রূপকথার রাজ্যে পাড়ি দিয়েছে সে সম্পর্কে আলোচনা করো।

(গ) 'রায়বাড়ি' গল্পে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় জমিদার শ্রেণীর দম্ভ, আভিজাত্য ও মহিমার যে ক্ষয়িষ্ণুরূপ অঙ্কন করেছেন তার পরিচয় দাও।

(ঘ) 'লম্বকর্ণ' চরিত্রনির্ভর হাস্যরসাত্মক গল্প হিসেবে কতটা সার্থক আলোচনা করো।

## DSE-2B

### বাংলা ছোটগল্প (তারাশঙ্কর ও মানিক বন্দ্যোপাধ্যায়)

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্প রচনার সূত্রপাত কোন্ পত্রিকায় ? উক্ত পত্রিকায় প্রকাশিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি গল্পের নাম লেখো।

(খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের প্রথম গল্পগ্রন্থটির নাম কী ? উক্ত গ্রন্থে মানিক বন্দ্যোপাধ্যায়ের কয়টি গল্প প্রকাশিত হয় ? প্রকাশিত গল্পগুলির নাম লেখো।

(গ) 'তারিণী মাঝি' গল্পে কোন্ নদীর উল্লেখ আছে ? তারিণী মাঝির স্ত্রীর নাম কী ? সে কিভাবে মারা যায় ?

(ঘ) বৈষ্ণব রসাশ্রিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি গল্পের নাম লেখো। 'রাইকমল' গল্পের কমলিনীর সঙ্গে উক্ত গল্পের কোন্ নারী চরিত্রের মিল রয়েছে ?

(ঙ) 'শিল্পী' গল্পটি কত সালে, কোন্ গল্প সংকলনে প্রথম প্রকাশিত হয় ? উক্ত গল্প সংকলনের কত সংখ্যক গল্প এটি ?

(চ) 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পটি কোন্ আন্দোলনের প্রেক্ষিতে রচিত ? এইরূপ আন্দোলনকে কেন্দ্র করে রচিত মানিক বন্দ্যোপাধ্যায়ের অন্য কয়েকটি গল্পের নাম উল্লেখ করো।

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'অতসী মামী' গল্পে যতীনবাবুর প্রতি অতসী মামীর যে ভালোবাসার পরিচয় পাওয়া যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো।

(খ) খেটে-খাওয়া মানুষের সংগ্রামী চেতনা 'কংক্রীট' গল্পে কতটা বাস্তবায়িত হয়েছে , তা আলোচনা করো।

(গ) 'ডাইনি' গল্পে ডাইনি সত্তার প্রকাশ কীভাবে ঘটানো হয়েছে তা বিবৃত করো।

(ঘ) 'শিল্পী' গল্পের মদন চরিত্রটি আলোচনা করে তার শিল্পী-চেতনার স্বরূপ বিশ্লেষণ করো।

(ঙ) 'না' গল্পে অনন্ত ও ব্রজরাণী চরিত্রের মনোস্তাত্ত্বিক টানাপোড়েনের পরিচয় দাও।

(চ) 'ছোট বকুলপুরের যাত্রী' গল্পে ট্রেন থেকে নেমে যেতেই স্টেশনে যেসব বাবুরা এগিয়ে আসে, তাদের পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) মানব ও মানবেতর প্রাণীর মধ্যে যে মানবিক সম্পর্ক দেখানো হয়েছে তা 'কালাপাহাড়' গল্প অবলম্বনে আলোচনা করো।

(খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'অগ্রদানী' গল্পে পূর্ণ চক্রবর্তীর মধ্য দিয়ে মানুষের আদিম প্রবৃত্তির স্বরূপ উন্মোচন হয়েছে, তা আলোচনা করো।

(গ) 'টিচার' গল্পে মধ্যবিত্ত জীবনের সমস্যা ও সংকটের যে চিত্র পাওয়া যায়, তার স্বরূপ বিশ্লেষণ করো।

(ঘ) 'যাকে ঘুষ দিতে হয়' গল্পে কিভাবে অর্থলোলুপতার ছবি ফুটে উঠেছে তার পরিচয় দাও।

——×——

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## DSE1/2-P1-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A (উপন্যাস)

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা প্রথম উপন্যাস কোন্‌টি ? সেটি কোন্‌ ভাষায় লেখা ? উপন্যাসটি কত সালে প্রকাশিত হয় ?

(খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসটি কী ধরনের উপন্যাস ? এটি কবে গ্রন্থাকারে প্রকাশিত হয় ? কোন্‌ পত্রিকায়, কত সালে উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয় গ্রন্থাকারে প্রকাশের পূর্বে ?

(গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের মূল কাহিনি গড়ে উঠেছে যে চরিত্রগুলিকে অবলম্বন করে তাদের নাম ও পরিচয় দাও।

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসটি কার লেখা ? কত সালে প্রকাশিত হয় ? কোন্‌ পত্রিকায় উপন্যাসটি ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ?

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসের প্রধান দুই চরিত্রের নাম লেখো। এই উপন্যাসের মূল কাহিনি কোন্‌ বিষয়কে অবলম্বন করে গড়ে উঠেছে ?

(চ) 'দেনাপাওনা' উপন্যাসে কোন্‌ গ্রামের ছবি ধরা পড়েছে ? সেই গ্রামের প্রাচীন দেবতার নাম কী ? গ্রামের দেবমন্দিরের ভৈরবী কে ছিলেন ?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) প্রাক্‌-বঙ্কিমপর্বে বাংলা উপন্যাস রচনার প্রয়াস সম্পর্কে আলোচনা করো।

(খ) বঙ্কিমচন্দ্রের 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কুমতি-সুমতির দ্বন্দ্ব প্রসঙ্গটি আলোচনা করো।

(গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উল্লিখিত ব্রহ্মানন্দ চরিত্রটি আলোচনা করো।

(ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দেনাপাওনা' উপন্যাসে পল্লীসমাজের যে ছবি ধরা পড়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসে জমিদারের অত্যাচারের যে ছবি উঠে এসেছে তা সংক্ষেপে আলোচনা করো।

(চ) 'দেনাপাওনা' উপন্যাস অবলম্বনে জমিদারের গোমস্তা এককড়ি নন্দী চরিত্রটি আলোচনা করো।

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## DSE1/2-P1-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-1A and DSE-1B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-1A

### উপন্যাস

#### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'নারীর এক জাতীয় রূপ আছে যাকে যৌবনের অপরপ্রান্তে না পৌঁছিয়া পুরুষে কোন দিন দেখিতে পায় না।' — 'দেনাপাওনা' উপন্যাসের এই উদ্ধৃতিটির ব্যাখ্যা করো।

(খ) বঙ্গভঙ্গ আন্দোলনের প্রেক্ষাপটে লেখা তিনটি উপন্যাসের নাম উল্লেখ করো।

(গ) 'দেনাপাওনা' উপন্যাসে বর্ণিত ভৈরবী জীবনের পরিচয় দাও।

(ঘ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে হরলাল চরিত্র সম্পর্কে আলোচনা করো।

(ঙ) 'দেনাপাওনা' উপন্যাসের নাট্য রূপটির কী নাম ? সেটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(চ) কৃষ্ণকান্তের উইল কী জাতীয় উপন্যাস ? উপন্যাসটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

#### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে উইল কতবার ও কী কী পরিবর্তন হয়েছিল ?

(খ) 'দেনাপাওনা' উপন্যাসের ষোড়শী চরিত্র আলোচনা করো।

(গ) বাংলা উপন্যাসে কল্লোলের প্রভাব কতখানি ?

(ঘ) বাংলা উপন্যাসে দেশভাগের প্রভাব সম্বন্ধে আলোচনা করো।

(ঙ) প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যবর্তী সময়ে রচিত বাংলা উপন্যাসের গতিপ্রকৃতি সম্পর্কে আলোচনা করো।

(চ) কৃষ্ণকান্ত চরিত্র সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

#### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) কোন্ কোন্ বৈশিষ্ট্যের নিরিখে রোহিনীকে আধুনিক নারী চরিত্র বলে আখ্যায়িত করা যায় ? — আলোচনা করো।

(খ) 'দেনাপাওনা' উপন্যাসে প্রতিফলিত তৎকালীন সমাজের প্রেক্ষাপটটি সম্বন্ধে আলোচনা করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে গোবিন্দলালের জীবনে দুই নারীর ভূমিকা আলোচনা করো।

(খ) জীবানন্দ চরিত্রের যে উত্তরণ উপন্যাসের শেষে লক্ষ্য করা যায় তা আলোচনা করো।

(গ) 'দেনাপাওনা' উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(ঘ) উনিশ শতকের রাজনৈতিক আন্দোলন, স্বদেশপ্রেম বঙ্কিমের উপন্যাসকে কতটা প্রভাবিত করেছে সে সম্পর্কে আলোচনা করো।

## DSE-1B (ছোটগল্প)

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ =১২

(ক) বাংলা ছোটগল্পের সার্থক রূপকার কে ? তাঁর লেখা চারটি ছোটগল্পের নাম লেখো।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ? 'স্ত্রীর পত্র' গল্পের অনুরূপ কয়েকটি গল্পের নাম লেখো।

(গ) 'স্ত্রীর পত্র' গল্পে কে, কাকে পত্র লিখেছে ? কোথায় বসে লিখেছে ?

(ঘ) 'জলসাঘর' গল্পে সামন্ততন্ত্রের ও ধনতন্ত্রের প্রতিনিধিত্ব করেছে যে দুই চরিত্র তাদের নাম লেখো। এই গল্পে উল্লিখিত 'তুফান' ও 'মতি' কে ?

(ঙ) 'দুঃশাসনীয়' গল্পটি কার লেখা ? কোন্ প্রেক্ষাপটে গল্পটি লেখা হয়েছে ?

(চ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি কার লেখা ? লেখকের প্রকৃত নাম কী ? এই গল্পে প্রথম ও দ্বিতীয় দ্যুতসভাতে কার পরাজয় হয়েছিল ?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ =২৪

(ক) ছোটগল্প বলতে কী বোঝো ? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পে বিন্দু চরিত্রটি আলোচনা করো।

(গ) 'জলসাঘর' গল্পে মহিম গাঙ্গুলি চরিত্রটি আলোচনা করো।

(ঘ) 'দুঃশাসনীয়' গল্পে বস্ত্র সংকটের যে চিত্র ধরা পড়েছে তা আলোচনা করো।

(ঙ) 'মহেশ' গল্পে সমাজের যে চিত্র উঠে এসেছে তা পরিস্ফুট করো।

(চ) প্রাক্-রবীন্দ্রপর্বে বাংলা ছোটগল্প রচনার প্রয়াস সম্পর্কে আলোচনা করো।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) 'স্ত্রীর পত্র' গল্পটিতে নারীর ব্যক্তি স্বাতন্ত্র্যের একটি সুদৃঢ় পদক্ষেপ ধ্বনিত হয়েছে। — বক্তব্যটির যথার্থতা আলোচনা করো।

(খ) তারাশঙ্করের 'জলসাঘর' গল্পে সামন্ততন্ত্রের ও ধনতন্ত্রের উত্থান-পতনের যে দ্বন্দ্বময় চিত্র পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।

(গ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পে পৌরাণিক উপাখ্যানের মধ্যে দিয়ে যে রাজনৈতিক চেতনার পরিস্ফুটন ঘটেছে তা আলোচনা করো।

(ঘ) উনিশ-বিশ শতকের আর্থ-সামাজিক ও রাজনৈতিক জীবনের ছবি বাংলা ছোটগল্পে যেভাবে উঠে এসেছে তা আলোচনা করো।

———×———

(গ) 'রোহিনী অপেক্ষা গোবিন্দলাল নিষ্প্রভ' — মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(ঘ) বাংলা উপন্যাসে মহাযুদ্ধের প্রভাব সম্বন্ধে আলোচনা করো।

## DSE-1B

### ছোটগল্প

#### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) আমিনা চরিত্রের পরিচয় দাও।

(খ) 'জলসাঘর' গল্পে বর্ণিত দ্বন্দ্বের স্বরূপ কীরূপ ?

(গ) 'স্ত্রীর পত্র' গল্পটি কার লেখা ? গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(ঘ) 'ভারতী' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের তিনটি গল্পের উল্লেখ করো।

(ঙ) বিধবা বিবাহ সমস্যা সম্পর্কিত তিনটি গল্পের নাম উল্লেখ করো।

(চ) বিভূতিভূষণের তিনটি গল্পের নাম উল্লেখ করো।

#### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা ছোটগল্পে প্রতিফলিত দেশভাগ প্রসঙ্গ সম্পর্কে আলোচনা করো।

(খ) 'জলসাঘর' গল্পের বিশ্বম্ভর চরিত্র সম্পর্কে আলোচনা করো।

(গ) 'স্ত্রীর পত্র' গল্পের আঙ্গিকগত অভিনবত্বের দিকটি তুলে ধরো।

(ঘ) 'মহেশ' গল্পের প্রেক্ষিতে জমিদারী শাসনের স্বরূপ বিশ্লেষণ করো।

(ঙ) বনফুলের গল্পের অভিনবত্বের দিকটি আলোচনা করো।

(চ) বাংলা সাহিত্যে পশু বিষয়ক গল্প হিসাবে 'মহেশ'-এর যথার্থতা বিচার করো।

#### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) পঞ্চাশের মন্বন্তরের প্রেক্ষিতে রচিত বাংলা ছোটগল্প সম্বন্ধে আলোচনা করো।

(খ) 'তৃতীয় দ্যূতসভা' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো।

(গ) 'দুঃশাসনীয়' গল্পের সামাজিক প্রেক্ষাপট সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) বাংলা সাহিত্যে রাজনৈতিক ছোটগল্পের অভিনবত্বের দিকটির প্রতি আলোকপাত করো।

——×——

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## GE1-P1-BENGALI

**OLD SYLLABUS** [For students with registration session 2018-2019 & 2019-2020]

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বিদ্যাসাগরের তিনটি অনুবাদমূলক গ্রন্থের নাম লেখো। এগুলি কোন্ গ্রন্থ থেকে অনূদিত ?

(খ) 'পদ্মিনী উপাখ্যান' কার রচনা ? এটি কত সালে প্রকাশিত হয় ? এটি কী জাতীয় রচনা ?

(গ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রথম গল্পের নাম কী ? এটি কোন্ পুরস্কার পেয়েছিল ? তাঁর দু'টি সমাজ সমস্যামূলক উপন্যাসের নাম প্রকাশকালসহ লেখো।

(ঘ) প্রহসন কাকে বলে ? মধুসূদন দত্তের দু'টি প্রহসনের নাম ও বিষয় লেখো।

(ঙ) অপিনিহিতি কাকে বলে ? উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

(চ) টীকা লেখোঃ মিশ্রণ।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যে মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের অবদান লেখো।

(খ) বাংলা কাব্যসাহিত্যে নবীনচন্দ্র সেনের অবদান সংক্ষেপে লেখো।

(গ) টীকা লেখোঃ বিষবৃক্ষ, পথের পাঁচালী।

(ঘ) বাংলা নাটকের প্রথমযুগের নাট্যকার হিসেবে রামনারায়ণ তর্করত্নের ভূমিকা আলোচনা করো।

(ঙ) সমীভবন কাকে বলে ? উপযুক্ত উদাহরণের সাহায্যে এর প্রকারভেদ বুঝিয়ে দাও।

(চ) ঝাড়খণ্ডী উপভাষা কোন্ কোন্ এলাকায় প্রচলিত ? এই উপভাষার চারটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ঔপন্যাসিক রবীন্দ্রনাথ ঠাকুরের কৃতিত্বের পরিচয় দাও।

(খ) বাংলা গীতিকাব্যের 'ভোরের পাখি' কাকে বলা হয় ? তাঁর কাব্যকৃতির পরিচয় দাও।

(গ) বাংলা ঐতিহাসিক নাটকের সর্বশ্রেষ্ঠ রূপকার কে ? কয়েকটি ঐতিহাসিক নাটকের পরিচয় দিয়ে তাঁর নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।

(ঘ) প্রাচীন বাংলা ভাষার কালসীমা উল্লেখ করে এই পর্বের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

——×——

'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## GE1-P1-BENGALI

## NEW SYLLABUS

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) রামরাম বসুর গ্রন্থগুলোর নাম উল্লেখ করো।

(খ) মধুসূদন দত্ত লিখিত মহাকাব্যটির নাম কী ? এটি ক'টি সর্গে বিভক্ত ? প্রথম ও শেষ সর্গের নাম উল্লেখ করো।

(গ) গিরিশচন্দ্র ঘোষ কোন্ শ্রেণীর নাটক রচনা করে বিখ্যাত হয়েছেন ? সেই শ্রেণীর যে-কোনো তিনটি নাটকের নাম লেখো।

(ঘ) 'রাজসিংহ', 'গোরা' এবং 'হাঁসুলী বাঁকের উপকথা' কাদের রচিত এবং উপন্যাসগুলির প্রকাশকাল লেখো।

(ঙ) উদাহরণসহ স্বরভক্তির সংজ্ঞা দাও।

(চ) টীকা লেখোঃ সংকর শব্দ।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গদ্যের বিকাশে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের অবদান আলোচনা করো।

(খ) বিহারীলাল চক্রবর্তীর শ্রেষ্ঠ কাব্য কোন্‌টি ? বাংলা কাব্যের ইতিহাসে এই কাব্যটির গুরুত্ব বুঝিয়ে দাও।

(গ) বাংলা প্রহসন রচনায় মধুসূদনের কৃতিত্ব আলোচনা করো।

(ঘ) যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করোঃ

পথের দাবী, পথের পাঁচালী।

(ঙ) কামরূপী উপভাষার তিনটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো।

(চ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো দুটি)

বর্ণবিপর্যয়, জোড়কলম, ঘোষীভবন, অভিশ্রুতি।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্য সাহিত্যে রামমোহন রায়ের অবদান সম্পর্কে লেখো।

(খ) দ্বিজেন্দ্রলাল রায়ের ইতিহাসাশ্রিত নাটকগুলো নিয়ে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

(গ) কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সংক্ষেপে আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## SEC2-P1-BENGALI

**OLD SYLLABUS [For students with registration session 2018-2019 & 2019-2020]**

Time Allotted: 2 Hours — Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) চলিত গদ্যে রূপান্তরিত করোঃ

"আমি পাড়াগাঁ হইতে কলিকাতায় আসিয়া কলেজে প্রবেশ করিলাম। শচীন তখন বি.এ. ক্লাসে পড়িতেছে। আমাদের বয়স প্রায় সমান হইবে।"

(খ) সাধু ভাষায় রূপান্তরিত করোঃ

"কিন্তু গ্রাম ঘেরবার, আঁটঘাট বেঁধে বসবার কোন চেষ্টাই পুলিশ আজ করল না। সটান গিয়ে ঘিরে ফেলল ছোট হাঁসতলা পাড়াটুকুর ক-খানা ঘর, যার মধ্যে একটি ঘর হারাণের বোঝা গেল; আঁটঘাট আগে থেকে বাঁধাই ছিল।"

(গ) পদ পরিবর্তন করোঃ

ইতিহাস, গ্রাম, বিপদ, জল, শীত, নাটক।

(ঘ) বাক্য পরিবর্তন করোঃ

(অ) আমি আজ কলেজে যাব না। (অস্ত্যর্থক বাক্যে)

(আ) আমি তাকে অপছন্দ করি। (নঞর্থক বাক্যে)

(ই) খুব সুন্দর দৃশ্য! (নির্দেশক বাক্যে)

(ঙ) একজন ভালো সংবাদ পরিবেশক / পরিবেশিকার তিনটি আবশ্যিক গুণাবলী লেখো।

(চ) গণমাধ্যম কাকে বলে ? কয়েকটি গণমাধ্যমের নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সাধু ভাষা ও চলিত ভাষা কাকে বলে ? এদের মধ্যে পার্থক্য করো।

(খ) গঠন অনুযায়ী বাক্যের শ্রেণিবিভাগ করে উপযুক্ত উদাহরণের সাহায্যে বুঝিয়ে দাও।

(গ) ক্রিয়াপদ কত প্রকার ও কী কী ? উদাহরণসহ প্রত্যেক প্রকার ক্রিয়াপদের সংজ্ঞা দাও।

(ঘ) বিশেষণ পদ কাকে বলে ? সংখ্যাবাচক বিশেষণ ও পূরণবাচক বিশেষণের উদাহরণসহ সংজ্ঞা দাও।

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2022

## SEC2-P1-BENGALI

### NEW SYLLABUS

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) শ্রেণীবদ্ধ বিজ্ঞাপন কাকে বলে ? উদাহরণ দাও।

(খ) সাধু গদ্যে ব্যবহৃত ক্রিয়াপদের তিনটি রূপ লেখো।

(গ) রূপান্তর করোঃ

(অ) অসুস্থতার জন্য গতকাল অনুপস্থিত ছিলাম। (জটিল বাক্য)

(আ) প্রতিভা শিক্ষা সাপেক্ষ। (প্রশ্নাত্মক বাক্য)

(ই) উন্নতি করিতে হইলে পরিশ্রমী হও। (চলিত গদ্য)

(ঘ) বিশেষ্য পদ কাকে বলে ? বিশেষ্য পদ কত প্রকার ও কী কী ?

(ঙ) গণমাধ্যম হিসেবে টেলিভিশনের গুরুত্ব সংক্ষেপে লেখো।

(চ) গঠন অনুযায়ী বাক্য কত প্রকার ? প্রত্যেক প্রকারের নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ক্রিয়াপদ কাকে বলে ? বিভিন্ন মানদণ্ডে ক্রিয়াপদের বিভাজন করো।

(খ) পরিভাষা লেখোঃ

Episode, Utopia, Farce, Dialect, Image, Classical, Irony, Folk culture, Pastoral Drama, Elusive, Fable, Romance.

(গ) চলিত ভাষা থেকে সাধু ভাষায় রূপান্তর করোঃ

তিনি চোখ ভরা জল নিয়ে মুখ কালি করে বারবার দীর্ঘশ্বাস ফেলছেন। তিনি যেন মিথ্যা অপবাদ নিয়ে জীবনের পথে এগিয়ে যাওয়া একজন নারী। হনুমান বুঝলেন, ইনিই সীতা, কারণ, রামচন্দ্র যে সব গয়নার কথা বলেছিলেন, তা এর শরীরে রয়েছে, অন্যান্য গয়না ও উত্তরীয় যা ঋষ্যমূকে ফেলে দিয়েছিলেন তা নেই।

(ঙ) বিজ্ঞাপন কাকে বলে ? একজন ভালো বিজ্ঞাপন রচয়িতার কী কী গুণাবলী থাকা আবশ্যিক ?

(চ) পরিভাষা কাকে বলে ? ভাষা শিক্ষায় পরিভাষার গুরুত্ব আলোচনা করো।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) পরিভাষা লেখোঃ

Climax, Tragedy, Conflict, One act play, Absurd, Catharsis, Genre, Melody, Abstract, Novel, Plot, Nemesis.

(খ) যে-কোনো খাদ্যপণ্য সংস্থার পক্ষ থেকে একটি বাণিজ্যিক বিজ্ঞাপন প্রস্তুত করো।

(গ) সমাজ গঠনে গণমাধ্যমের ভূমিকা সম্পর্কে একটি নাতিদীর্ঘ আলোচনা করো।

(ঘ) তোমার এলাকায় ডেঙ্গুর প্রাদুর্ভাব বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি সংবাদ প্রস্তুত করো।

——×——

(ঘ) একটি ভালো সংবাদপত্র পরিবেশন-এর জন্য কি কি বিষয়ে লক্ষ্য রাখা প্রয়োজন ?

(ঙ) সমাজজীবনে গণমাধ্যমের ভূমিকা সংক্ষেপে লেখো।

(চ) চলিত গদ্যের সংজ্ঞা দিয়ে তার বৈশিষ্ট্যগুলি লেখো।

## বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাক্য কাকে বলে ? অর্থ অনুযায়ী বাক্যের শ্রেণীবিভাগ বর্ণনা করো।

(খ) বিশেষণ কাকে বলে ? উদাহরণসহ বিভিন্ন প্রকার বিশেষণ পদের আলোচনা করো।

(গ) সাধু গদ্যে বাংলা সাহিত্য রচনার ধারাটি বিবৃত করো।

(ঘ) সর্বনাম পদ কাকে বলে ? সর্বনাম পদের বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করো।

———×———